# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 01 May, 2025

ময়মনসিংহের মুক্তাগাছায় জামাতার ছুরিকাঘাতে শাশুড়ি ফজিলা খাতুন (৪৫) নিহত হয়েছেন। এসময় ছুরিকাঘাতে

আহত হয়েছেন স্ত্রী রুমা আক্তার (২০)।এ ঘটনায় পলাতক রয়েছেন অভিযুক্ত মনির মিয়া (৩০)।

বৃহস্পতিবার (১ মে) গভীর রাতে উপজেলার দুল্লা ইউনিয়নের হরিরামপুর গ্রামের ব্যাপারী বাড়ি এলাকায় এই খুনের ঘটনা ঘটে।

মনির মিয়া একই এলাকার সেলিম মিয়ার ছেলে।পেশায় তিনি একজন রাজমিস্ত্রি।অপরদিকে নিহত ফজিলা খাতুন ওই এলাকার বাসিন্দা মৃত জালাল উদ্দিনের স্ত্রী।

স্থানীয়রা জানান, গতরাতে মনিরের সঙ্গে তার স্ত্রীর বাগবিতণ্ডা চলছিল।একপর্যায়ে রাগ করে মনির ঘর থেকে চলে যায়।শেষ রাতে মনির পুনরায় বাড়িতে এসে জোরপূর্বক তার ৪ বছর বয়সী ছেলে মো. রোহান মিয়াকে নিয়ে যেতে চান।এ নিয়ে তার স্ত্রী ও শাশুড়ির সঙ্গে মনিরের পুনরায় কথা কাটাকাটি ও ধস্তাধস্তি হয়।একপর্যায়ে মনির হাতে থাকা ছুরি দিয়ে স্ত্রীকে আহত করেন।শাশুড়ি ফজিলা খাতুন বাধা দিলে মনির হাতে থাকা ছুরি দিয়ে তাকেও আঘাত করেন। এ ঘটনায় দুজনই গুরুতর আহত হলে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতলে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক শাশুড়ি ফজিলা খাতুনকে মৃত ঘোষণা করেন।এ ঘটনায় স্ত্রী রুমা আক্তার বতর্মানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মুক্তাগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. কামাল হোসেন বলেন, এ ঘটনায় অভিযুক্ত জামাতাকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।মরদেহের ময়নাতদন্ত শেষে পারিবারিক কবরস্থানে দাফন প্রক্রিয়াধীন।

ছুরিকাঘাত নিহত আহত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 11:54

URL: https://timestodaybd.com/mymensingh/1746523137